

**ছয় কলেজের সভাপতি  
 পিতা, পুত্র ও কন্যা**

আরিফুর রহমান •

গাজীপুরের শ্রীপুর উপজেলায় কলেজ আছে ছয়টি। এর মধ্যে স্থানীয় সাংসদ রহমত আলী দুটি, তাঁর ছেলে জামিল হাসান ওরফে দুর্দায় তিনিটি ও মেয়ে রোমানা জামী ওরফে তুনি একটি কলেজের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হয়েছেন।

আওয়ামী লীগের স্থানীয় একজন নেতা অভিযোগ করেছেন, সাংসদ সর্বত্র আধীন্যকরণ, পারিবারিকীকরণ শুরু করেছেন। তবে সাংসদ রহমত আলী প্রশ্ন আলোকে বলেন, 'আমার ছেলে ও মেয়েকে কলেজের সভাপতি হিসেবে পেতে এলাকায় ইতিমধ্যে মুনোব্বিন হয়ে যাওয়ার ভোগা শুরু হয়েছিল।' কারণ হিসেবে সাংসদ বলেন, তাঁর ছেলে-মেয়ে যোগ্য বলে সবাই চায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ব্যবস্থাপনায় তাঁরা যেন থাকেন। তাই তিনি আর না করেননি।

জানা গেছে, রহমত আলী মওনার পিয়ার আপী ডিগ্রি কলেজ ও আবদুল আউয়াল কলেজের সভাপতি হয়েছেন। ছেলে জামিল হাসান শ্রীপুর ডিগ্রি কলেজ, মিনতুনুর রহমান খান মহিলা কলেজ ও ধর্মপ্রিয় কলেজের সভাপতি। আর মেয়ে তুনি স্বপ্নী ডিগ্রি কলেজের সভাপতি। এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

**ছয় কলেজের সভাপতি পিতা, পুত্র ও কন্যা**

প্রথম পৃষ্ঠার পর জানতে চাইলে জামিল হাসান বলেন, তিনি নিয়ম যেনই শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি হয়েছেন।

শিক্ষা মহফলয় গত জুন মাসে বেনরকারি শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনার যে নীতিমালা জরি করেছেন তাকে একজন সাংসদ নিজে এলাকার সর্বত্র চালাই এবং এই পনের জন্য যোগ্য অন্য ব্যক্তি সর্বত্র দুটি শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি হতে পারবেন।

জামিল হাসান আওয়ামী লীগের বিপত কেন্দ্রীয় উপকমিটির সহসভাপক এবং গাজীপুর-১ সংসদীয় এলাকার প্রতিনিধিত্বে মন্ত্রিয়। গত নির্বাচনের পর অল্পত সাতটি শিক্ষাপ্রতিষ্ঠানের বার্ষিক অমিত্তা প্রতিবেদনিতায় তিনি প্রধান অতিথি হয়েছেন। এর মধ্যে উল্লেখযোগ্য হলো নারিয়া সাংসদ আদর্শ মডার্ন টেকনিক্যাল নিয়মাবলমিক বিন্যাসয়, বডিদি উচ্চবিদ্যালয়, ইজুতপুর উচ্চবিদ্যালয়ের বার্ষিক ঐতিহ্য প্রতিবেদনিতায় প্রধান অতিথি হিসেবে আমন্ত্রিত ছিলেন সাংসদ রহমত আলী। কিন্তু অনুষ্ঠানে তাঁর পরিবর্তে উপস্থিত হইছিলে জামিল হাসান।

শ্রীপুর ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নুরেবী বলেন, জামিল হাসানের মতো জনী লোক খুব কমই অছেন। তিনি সভাপতি হওয়ার এলাকার সবাই গর্বকোষ করে। ভারপ্রাপ্ত অধ্যক্ষ আরও বলেন, আগে সভাপতি ছিলেন সরকারের যুগ সচিব রফিকুল মোহাম্মদ। রহমত আলীর পোটা পরিনতই শিক্ষানুরাগী। তাই ওই পরিবারের লোকজন মত বেশি শিক্ষাপ্রতিষ্ঠান ব্যবস্থাপনায় আসবেন, ততই ভালো সবার জন্য।

মাস তিনেক আগে নুরেবী শ্রীপুর ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পেয়েছেন। অধ্যক্ষ তেজস্বীকর থেকে আসকপকে পদত্যাগ করতে বাধ্য করা হয়েছে বলে অভিযোগ আছে।

জানতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান ব্যবস্থাপনা কীভাবে করা হবে, তার একটি নিয়ম তাঁর করে দিয়েছেন। তাঁরা চান বেনরকারি শিক্ষাপ্রতিষ্ঠান ব্যবস্থাপনা নিয়ে বিতর্ক কম হোক। এ ক্ষেত্রে স্থানীয় সাংসদসহ সবাইকে এগিয়ে আসার আহবান জানান তিনি।